

REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA

Date: 04-02-2026

Time: 07:55-08:05 PM Hrs

BENGALI EVENING BULLETIN

---

**Headlines :**

- (১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, এডিসি'র নাগরিকদের উন্নয়নকে প্রাধান্য দিয়ে কাজ করছে রাজ্য সরকার।
- (২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত ও মালয়েশিয়ার মধ্যে সামুদ্রিক নিরাপত্তা, প্রতিরক্ষা এবং সন্তোষবাদ দমনে সহযোগিতা প্রসারিত হবে।
- (৩) দেশের উত্তর-পূর্বাঞ্চলের যোগাযোগ ব্যবস্থা মজবুত করতে ভারতীয় রেল শিলিগুড়ির কাছে নতুন একটি ভূগর্ভস্থ রেলপথ নির্মাণের পরিকল্পনা করেছে বলেছেন অশ্বিনী বৈষ্ণব।
- (৪) ২৫তম ভারত রত্ন নাট্যমহোৎসব-২০২৬ এর অঙ্গ হিসাবে আজ থেকে আগরতলার নজরুল কলাক্ষেত্রে শুরু হলো পাঁচ দিনের নাট্যোৎসব।

\*\*\*\*\*

**ADC Meeting – CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, এডিসি'র নাগরিকদের উন্নয়নকে প্রাধান্য দিয়ে কাজ করছে রাজ্য সরকার। আজ খুমলুঙে এক জনসমাবেশে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন এডিসি'র উন্নয়ন সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বেই একটি উন্নত ও সমৃদ্ধ এডিসি'র স্বপ্ন বাস্তবায়ন সম্ভব,”। তিনি বলেন, শিক্ষা, স্বাস্থ্য, উপজাতি কল্যাণ এবং খেলাধুলার মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলির পরিকাঠামো উন্নয়নে বিশেষ অগ্রাধিকার দেওয়া হয়েছে। সভায় জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা, প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য প্রমুখ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

## **CM -Takarjala:**

এদিকে, টাকারজলায় বিজেপি'র আয়োজিত এক সভায় মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে বর্তমানে আইনশৃঙ্খলা পরিস্থিতি অনেকটাই সুদৃঢ় হয়েছে। রাজ্যের সার্বিক উন্নয়নের পাশাপাশি এডিসি এলাকাতেও পরিকল্পিতভাবে উন্নয়নমূলক কাজ এগিয়ে চলেছে। সভায় উপস্থিত ছিলেন প্রদেশ বিজেপি'র সাধারণ সম্পাদক বিপিন দেববর্মা সহ স্থানীয় বিজেপি নেতৃত্ব।

\*\*\*\*\*

## **PM's Malaysia visit-several MOU signed:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত ও মালয়েশিয়ার মধ্যে সামুদ্রিক নিরাপত্তা, প্রতিরক্ষা এবং সন্ত্রাসবাদ দমনে সহযোগিতা প্রসারিত হবে। তিনি দৃঢ়তার সঙ্গে জানান, সন্ত্রাসবাদের বিরুদ্ধে দ্বিমুখী মানদণ্ড এবং আপোসহীন অবস্থানে অবিচল আছে ভারত।

প্রধানমন্ত্রী শ্রী মোদী আজ কুয়ালালামপুরে মালয়েশিয়ার প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা করেছেন। বৈঠকে প্রতিরক্ষা ও নিরাপত্তা সম্পর্ক জোরদার করা এবং অর্থনৈতিক ও উদ্ভাবনী অংশীদারিত্ব বৃদ্ধির উপর আলোকপাত করা হয়। উভয় দেশের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা, অডিওভিজুয়াল সহ-উৎপাদন, দুর্নীতি মোকাবিলা ও প্রতিরোধ, সেমিকন্ডাক্টর উন্নয়ন, স্বাস্থ্য ও চিকিৎসা, বৃত্তি প্রদান এবং NPCI ইন্টারন্যাশনাল পেমেন্টস লিমিটেড এবং মালয়েশিয়ার PAYNET-এর মধ্যে চুক্তির আওতায় বিভিন্ন নথি বিনিময় হয়েছে।

##### PM Byte #####

প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন, অডিওভিজুয়াল সহ-উৎপাদন চুক্তি চলচ্চিত্র এবং সঙ্গীত, বিশেষ করে তামিল সিনেমার ক্ষেত্রে উৎসাহিত করবে। তিনি বিশ্ববিদ্যালয় বিনিময়, দক্ষতা উন্নয়ন এবং স্টার্ট-আপ সম্পর্ক সম্প্রসারণের লক্ষ্যে উদ্যোগের কথাও উল্লেখ করেন।

উল্লেখ্য, মালয়েশিয়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর এইটি তৃতীয় সরকারি সফর।

\*\*\*\*\*

### **Rajib Bhattacharjee:**

সাংসদ রাজীব ভট্টাচার্য আজ সংসদীয় এলাকা উন্নয়ন তহবিলের অর্থে নির্মিত আগরতলার মঠ চৌমুহনী বাজারে জল পরিশোধন প্রকল্পের উদ্বোধন করেন। তিনি বলেন, এই উদ্যোগের মাধ্যমে বাজারের ব্যবসায়ী, পথচারী ও সাধারণ মানুষ নিরাপদ ও বিশুদ্ধ পানীয় জল ব্যবহারের সুবিধা পাবেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কর্পোরেটর সুখময় সাহা সহ বাজারের ব্যবসায়ীরা।

এদিকে, সাংসদ রাজীব ভট্টাচার্য আজ কলেজটিলা আদর্শপল্লীর বিপ্লবী সুভাষ সংঘের ৭২তম প্রতিষ্ঠা দিবস উপলক্ষ্যে আয়োজিত স্বাস্থ্য শিবিরের উদ্বোধন করেন। শিবিরে শতাধিক লোকজনের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ওষুধ প্রদান করা হয়। এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী স্বচ্ছতা পুরস্কার-২০২৬ এর সূচনা করা হয়। এছাড়া, অনুষ্ঠানে এলাকার গুণীজনদের সংবর্ধনা প্রদান করা হয়।

\*\*\*\*\*

### **Minister Tinku Roy:**

যুব কল্যাণ ও ক্রীড়া মন্ত্রী টিংকু রায় এবারের প্রস্তাবিত কেন্দ্রীয় বাজেট জনমুখী এবং আত্মনির্ভর ভারতের লক্ষ্য পূরণের বাজেট বলে মন্তব্য করেছেন। আজ কৈলাশহর বিজেপি কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন তিনি

বলেন, এই বাজেট আগামী ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তোলার লক্ষ্যে উত্থাপিত হয়েছে। এ বাজেটে খেলো ইন্ডিয়া মিশন চালু সহ মহাত্মা গান্ধী গ্ৰাম স্বরাজ প্রকল্প চালু করার প্রস্তাব করা হয়েছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন, বিজেপি উনকোটী জেলার মুখপাত্র দেবাশিস সেন, জেলা সাধারণ সম্পাদক অরুণ সাহা প্রমুখ।

\*\*\*\*\*

### **Meyor Deepak Majuder:**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার বলেছেন, বটতলায় হাওড়া মার্কেট ভেঙে নতুন করে তৈরি করার পরিকল্পনা নেওয়া হয়েছে। আজ তিনি বেদখল মুক্ত হাওড়া মার্কেটটি পরিদর্শনকালে একথা বলেন। তিনি বলেন, ব্যবসায়ীদের সঙ্গে আলোচনা করে হাওড়া মার্কেটের বেআইনি দখলদারদের সরানো হয়েছে। মেয়র জানান, এই মার্কেটের ব্যবসায়ীদের জন্য বিকল্প চিন্তাভাবনাও করা হচ্ছে। তিনি আরও জানান, আগরতলায় স্বাভাবিক যান চলাচল যাতে বিঘ্ন না ঘটে তার জন্য উদ্যোগ নেওয়া হয়েছে। শহরের ফুটপাথ, কভার ড্রেন দখলমুক্ত করা হচ্ছে।

\*\*\*\*\*

### **Ex. CM Manik Sarkar:**

প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার আগরতলায় উচ্ছেদকৃত ক্ষুদ্র ব্যবসায়ীদের পুনর্বাসনের দাবি জানিয়েছেন। তিনি বলেন, এই ক্ষুদ্র ব্যবসায়ীরা অধিকাংশই বেকার। তাদের বিকল্প ব্যবস্থা না করে এই উচ্ছেদ অভিযান সমর্থনযোগ্য নয়। আজ ডি.ওয়াই.এফ.আই রাজনগর অঞ্চল কমিটির উদ্যোগে ছাত্র যুব ভবনে আয়োজিত রক্তদান শিবিরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শ্রী সরকার একথা বলেন।

\*\*\*\*\*

## Update Akashvani :

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

### #####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্ল্যাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন টুইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

## Railway Minister:

দেশের উত্তর-পূর্বাঞ্চলের যোগাযোগ ব্যবস্থা মজবুত করতে ভারতীয় রেল শিলিগুড়ির কাছে নতুন একটি ভূগর্ভস্থ রেলপথ নির্মাণের পরিকল্পনা করেছে। প্রস্তাবিত নতুন লাইনটি শিলিগুড়ি করিডোর দিয়ে যাবে। তিন মাইল হাট থেকে রাঙ্গাপানী এবং সেখান থেকে বাগডোগরা পর্যন্ত সম্প্রসারিত হবে লাইনটি। কৌশলগতভাবে সংবেদনশীল এই করিডোরে সুরক্ষিত, নির্ভরযোগ্য এবং নিরবচ্ছিন্ন রেল সংযোগ নিশ্চিত করাই এই প্রকল্পের লক্ষ্য বলে রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানিয়েছেন। এই করিডোরটি প্রায় ২২ কিলোমিটার চওড়া একটি সংকীর্ণ ভূখন্ডের মাধ্যমে মূল ভারতকে উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির সঙ্গে সংযুক্ত করে। নেপাল, ভুটান ও বাংলাদেশ লাগোয়া আন্তর্জাতিক সীমান্তের

কাছাকাছি থাকা, এই আন্ডারগ্রাউন্ড রেল লাইনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ হবে বলে মনে করা হচ্ছে।

\*\*\*\*\*

### **Amit Shah -Chhattishgarh:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ ছত্তিশগড়ের মাওবাদ প্রভাবিত এলাকাগুলির নিরাপত্তা ব্যবস্থা এবং উন্নয়ন প্রকল্প পর্যালোচনা করতে ছত্তিশগড়ের রায়পুরে দুটি উচ্চ-পর্যায়ের বৈঠক করেছেন। কেন্দ্রীয় ও রাজ্য সরকারের পদস্থ আধিকারিক এবং নিরাপত্তা সংস্থাগুলোর প্রতিনিধিরা এই বৈঠকগুলোতে অংশ নেন। পরে, সন্ধ্যায় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী রায়পুরে ‘ছত্তিশগড় অ্যাট টুয়েন্টি ফাইভ: দৃষ্টিভঙ্গির পরিবর্তন’ শীর্ষক জাতীয় সম্মেলনে প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন। এদিকে, আগামীকাল জগদলপুরে অনুষ্ঠিতব্য বস্তার পান্ডুম উৎসবের সমাপনী অনুষ্ঠানেও অমিত শাহ উপস্থিত থাকবেন। ছত্তিশগড়ে তিনদিনের সফরে গতকাল সন্ধ্যায় তিনি রায়পুরে এসে পৌঁছেছেন।

\*\*\*\*\*

### **VB-G RAM-G :**

প্রদেশ বিজেপি সাধারণ সম্পাদক তথা বিধায়ক ভগবান দাস বলেছেন “VB-G RAM-G” কর্মসূচি গ্রামাঞ্চলে কর্মসংস্থান বৃদ্ধি, আর্থিক স্বনির্ভরতা ও উন্নয়নের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আজ বিজেপি’র পাবিয়াছড়া মণ্ডলের উদ্যোগে কুমারঘাট মানসী মিলনায়তনে এক আলোচনা সভায় একথা বলেন তিনি। শ্রীদাস বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দূরদর্শী নেতৃত্বে “বিকশিত ভারত”-এর স্বপ্ন বাস্তবায়নে VB-G RAM-G এক ঐতিহাসিক পদক্ষেপ। অনুষ্ঠানে স্থানীয় বিজেপি নেতৃত্ব উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **Congress Meeting:**

প্রদেশ কংগ্রেস MGN রেগা কর্মসূচীকে পুনর্বহাল করার দাবীতে আগামী ১৬ ফেব্রুয়ারী রাজ্যপালের কাছে ডেপুটেশন প্রদান করবে। আজ প্রদেশ কংগ্রেস ভবনে সাংবাদিকদের একথা জানান প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা। তিনি বলেন, MGN রেগা প্রকল্পে কাজের অধিকার নিশ্চিত করা ও সাংবিধানিক মূল্যবোধ রক্ষার জন্য লোকভবন অভিযান সংগঠিত করা হবে।

\*\*\*\*\*

### **Feni View kabita utsab:**

দক্ষিণ জেলার সীমান্ত গ্রাম আমলিঘাটের সন্ন্যাসী টিলায় আজ তৃতীয় আমলিঘাট ফেণিভিউ কবিতা উৎসবের সূচনা করেন সীমান্ত রক্ষী বাহিনীর ত্রিপুরা সেক্টরের মহা পরিদর্শক আলোক কুমার চক্রবর্তী। উদ্বোধনী ভাষণে শ্রী চক্রবর্তী আশেপাশের মানুষ জনদের যুক্ত করে আগামী দিনে এই উৎসবকে আরও বড় পরিসরে করার জন্য পরামর্শ দেন। অনুষ্ঠানে লোক গবেষক অশোকানন্দ রায় বর্ধন ইতিহাস, পৌরান ও সংস্কৃতির চিহ্ন বিজড়িত আমলিঘাটের ইতিহাস তুলে ধরেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পোয়াংবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন মনিবালা বৈদ্য দত্ত, সীমান্ত রক্ষী বাহিনীর ১২১ নম্বর বাহিনীর কমান্ডান্ট সুনীল কুমার মিশ্র, সাক্রম নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রমা পোদ্দার দে প্রমুখ।

\*\*\*\*\*

### **Mega health camp:**

ঠাকুর অনুকূল চন্দ্রের ১৩৮তম আবির্ভাব বার্ষিকী উপলক্ষে আজ গোমতি জেলার কাঁকড়াবন কলেজ প্রাঙ্গণে মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়।

শিবিরের সূচনা করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। উপস্থিত ছিলেন বিধায়ক অভিষেক দেবরায় ও স্বপ্না মজুমদার, গোমতি জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায় সহ অন্যান্যরা।

\*\*\*\*\*

### **Mega health camp:**

ঠাকুর অনুকূল চন্দ্রের ১৩৮তম আবির্ভাব বার্ষিকী উপলক্ষে আজ গোমতি জেলার কাঁকড়াবন কলেজ প্রাঙ্গণে মেগা স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়।

শিবিরের সূচনা করেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। উপস্থিত ছিলেন বিধায়ক অভিষেক দেবরায় ও স্বপ্না মজুমদার, গোমতি জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায় সহ অন্যান্যরা।

\*\*\*\*\*

### **National School of Drama:**

ন্যাশনাল স্কুল অফ ড্রামা, নতুন দিল্লির উদ্যোগে ২৫তম ভারত রত্ন নাট্যমহোৎসব-২০২৬ এর অঙ্গ হিসাবে আজ থেকে আগরতলার নজরুল কলাক্ষেত্রে শুরু হলো পাঁচ দিনের নাট্যোৎসব। উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সচিব পি.কে চক্রবর্তী, রাজ্য সংস্কৃতি উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, আসামের বিশিষ্ট নাট্য ব্যক্তিত্ব বাহারুল ইসলাম ও সংগীত নাটক একাডেমী পুরস্কার প্রাপ্ত বিশিষ্ট শিল্পী তরুবালা দেববর্মা, এনএসডি রাজ্য অধিকর্তা বিপ্লব বরকাকোতি। এই নাট্য উৎসবের প্রথম দিনেই মঞ্চস্থ হয় এনএসডি টিআই টি ত্রিপুরা শাখা র নাটক "টেম্পটেশনস"। এই নাট্যোৎসবে ত্রিপুরা সহ আসাম, দিল্লি এবং কলকাতা থেকে নাট্য দল অংশগ্রহণ করছে।

\*\*\*\*\*



## Padmajang Football:

কৈলাশহরের কলেজ স্টেডিয়ামে আয়োজিত জেনারেল পদ্মজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টের আজকের খেলায় মিজোরামের কলেজ ভেঙে দল জয়লাভ করেছে। তারা এক-শূন্য গোলের ব্যবধানে কোলকাতার আরেক্স একাডেমি'কে পরাজিত করে। আজকের খেলায় ত্রীড়ামন্ত্রী টিংকু রায় উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

## Naidu Trophy:

কর্নেল সি কে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় তামিলনাড়ুর কাছে ইনিংস ও ১৪৬ রানে ত্রিপুরা পরাজিত হয়েছে। ডিল্লিগোলে ১ উইকেটে ২৩ রান থেকে খেলতে নেমে রাজ্যদল আজ দ্বিতীয় ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১১৬ রান করতে সক্ষম হয়। এর আগে রাজ্যদলের প্রথম ইনিংসের ১৬৮ রানের জবাবে তামিলনাড়ুর প্রথম ইনিংসে ৯ উইকেট হারিয়ে ৪২৮ রান তুলে সমাপ্তির ঘোষণা দিয়েছিল।

\*\*\*\*\*

## Weather:

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১.৪ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১১ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

\*\*\*\*\*

\*\*\*\*\*

